ঝিনাইদহে ৮ হত্যা মামলায় পুলিশের ৪৩ কর্মকর্তা আসামি

ঝিনাইদহের সাবেক চাকরীচ্যুত পুলিশ সুপার আলতাফ হোসেনকে ৮ টি হত্যা মামলায় প্রধান আসামী করা হয়েছে। তার বিরুদ্ধে ঝিনাইদহে একের পর এক হত্যা মামলা দায়ের করা হচ্ছে। তার বিরুদ্ধে আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা আরো বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে। চাকরীচ্যুত এসপি আলতাফের সঙ্গে আসামী হয়েছেন পুলিশের আরো ৪৩ সদস্য।

এরমধ্যে রয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার, সহকারী পুলিশ সুপার. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), এসআই, এএসআই, কনস্টেবল ও ডিবি পুলিশের ওয়াচার। এজাহারে এক ব্যাক্তি একাধিক মামলার আসামী হয়েছেন।

বিচার বহির্ভুত হত্যাকান্ডের শিকার পরিবারগুলোর স্বজনরা বাদী হয়ে ঝিনাইদহের বিভিন্ন আদালতে এসব হত্যা মামলা করেন। তবে এখনো কোন পুলিশ কর্মকর্তা এ সব হত্যা মামলায় গ্রেফতার হননি বলে জানা গেছে।

এছাড়া পুলিশের পাশাপাশি এ সব হত্যা মামলায় ঝিনাইদহের বিভিন্ন উপজেলার ১৫৯ জন আ’লীগ নেতাকর্মীকে আসামী করা হয়েছে।

অন্যদিকে জামায়াত নেতা আব্দুস সালাম হত্যা ও বিএনপি নেতাদের বাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান ও দলীয় কার্যালয় ভাংচুর অগ্নিসংযোগের ঘটনায় আ’লীগের ৮০৭ নেতাকর্মী আসামী হয়েছেন। আসামীর তালিকায় ঝিনাইদহের সাবেক পাঁচ সংসদ সদস্য রয়েছেন।

জানা গেছে, ২০১৩ সাল থেকে ঝিনাইদহের বিভিন্ন উপজেলায় সরকার বিরোধী আন্দোলন দমাতে পুলিশ ও আ’লীগ নেতাকর্মীরা একট্রা হয়ে ক্র্যাকডাউন শুরু করে। বিএনপি, জামায়াত ও শিবিরের সাংগঠনিক দক্ষতা আছে এমন সব নেতাকর্মীদের টার্গেট করে হত্যার উৎসবে মেতে ওঠে।

২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত ৪০ জনকে সাদাপোশাকে তুলে নিয়ে যাওয়া হয়। এরমধ্যে ৩০ জনকে হত্যা করা হয়। নিহতদের মধ্যে অনেক সন্ত্রাসী ও চরমপন্থিদলের সদস্যও ছিল।

২০১৩ সালের ৬ জানুয়ারি ঢাকার ৫৬ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ও বঙ্গবাজার মার্কেট কমিটির সহ-সভাপতি রফিকুল ইসলাম বিচার বহির্ভুত হত্যাকান্ডের শিকার হন। ঘটনার দিন র্যাব পরিচয় দিয়ে রফিকুলকে শৈলকুপা উপজেলার আনন্দনগর গ্রামের ভাইরার বাড়ি থেকে তুলে নিয়ে যায় এবং কয়েক ঘন্টার মধ্যে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার আদাবাড়িয়া মনোহরপুর খালপাড়ে গলায় ফাঁস দিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় নিহত’র পরিবার এখনো কোন মামলা করেনি।

তবে ঝিনাইদহের বিভিন্ন উপজেলায় বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের হত্যার ঘটনায় ৮টি হত্যা ও ৩টি ভাংচুরের মামলা হয়েছে। এরমধ্যে গত ২৭ আগষ্ট জামায়াত কর্মী আব্দুস সালাম হত্যা মামলায় এক পুলিশ সদস্যসহ ৭০ জন, ২৯ আগষ্ট যুবদল নেতা মিরাজুল ও শিবির নেতা ইবনুল পারভেজ হত্যা মামলায় ১১ পুলিশসহ ২৮ জন, ১ সেপ্টম্বর জামায়াত নেতা ইদ্রিস আলী পান্না হত্যা মামলায় ৬ পুলিশসহ ২৯ জন আসামী, ১১ সেপ্টম্বর শিবির নেতা সাইফুল ইসলাম মামুন হত্যা মামলায় ৯ পুলিশসহ ১৪ জন, ১৫ সেপ্টম্বর জামায়াত নেতা এনামুল হত্যা মামলায় ৫ পুলিশসহ ১৯ জন, ১৭ সেপ্টম্বর জামায়াত নেতা ও ইউপি সদস্য হাফেজ আবুল কালাম আজাদ হত্যা মামলায় ৩ পুলিশসহ ১৯ জন, ১৮ সেপ্টেম্বর শিবির নেতা আবুজার গিফারী ও শামিম হত্যা মামলায় ৮ পুলিশসহ ২৩ জন, ১৯ আগষ্ট বিএনপি অফিস ভাংচুর মামলায় ৪৬৮ জন আ’লীগ নেতাকর্মী, ২৫ আগষ্ট ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এম এ মজিদের বাড়িতে অগ্নিসংযোগের মামলায় ২৩৮ জন ও বিএনপি নেতা আক্তারের দোকান ভাংচুর মামলায় ৩১ জনের নাম উল্লেখ করে মামলা করা হয়।

একাধিক পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে মামলার বিষয়ে ঝিনাইদহ পুলিশের দায়িত্বশীল কোন কর্মকর্তা বক্তব্য দিতে রাজি হননি। তবে জেলার আইন কর্মকর্তা (পিপি) এ্যাড. ইসমাইল হোসেন জানান, এ সব হত্যাকান্ডের বিষয়ে ঘটনার পরপরই সে সময় অপমৃত্যু মামলা হয়েছিল। এখন নতুন করে এসব মামলার তদন্তে যদি পুলিশ কর্মকর্তারা দোষি সাব্যস্ত হন, তবে তারা আইনের আওতায় আসতে পারেন।

বিশ্ব শান্তি দিবস উপলক্ষে ঝিনাইদহে বাইসাইকেল র্যালি

‘শান্তির সংস্কৃতি গড়ে তোলা’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব শান্তি দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে বাংলাদেশ স্কাউটস ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে আজ শনিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বাইসাইকেল র্যালি বের করা হয়।

র্যালির নেতৃত্ব দেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে স্কাউটস ভবনে গিয়ে শেষ হয়। পরে দিবসটি উপলক্ষে সেখানে কাঠাঁলিয়া চাঁপা গাছের চারা রোপন করা হয়। সেসময় জেলা প্রশাসক ছাড়াও স্থানীয় সরকারে উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়সহ জেলা স্কাউটের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের শৈলকুপায় সাড়ে ৮’শ কৃষকের মাঝে কীটনাশক বিতরণ

‘মানুষ-পৃথিবী সমৃদ্ধির লক্ষ্যে আসুন আমরা একতাবদ্ধ হই’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে সাড়ে ৮’শ কৃষকের মাঝে বিনামূল্যে কীটনাশক ওষুধ বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার সকালে শৈলকুপা উপজেলার বারইপাড়া-হাবিবপুর গ্রামের মাঠে এ কীটনাশক বিতরণ করা হয়। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহত সাঈদ, মুগ্ধ ও ইয়াসিনের স্বরণে গঠিত ‘এসএমওয়াই’ ফাইন্ডেশনের পক্ষ থেকে ধানের মাজরা পোকা দমনের জন্য এ কর্মসূচী হাতে নেওয়া হয়। সেসময় ফাউন্ডেশনের উপদেষ্টা রোকনুজ্জামান রোকন, কর্মকর্তা মাওলানা ইউনুস আলীসহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানায়, ওই এলাকার কৃষকদের আবাদকৃত ধানের মাজরাপোকা দমনের জন্য সাড়ে ৮ হাজার কৃষকের মাঝে পদ্মা অয়েল কোম্পানির ওষুধ

বিতরণ করা হয়। বিতরণকৃত কীটনাশক দিয়ে ওই এলাকার ৫৬ হাজার শতক জমিতে প্রয়োগ করা যাবে বলেও জানান তারা।

ঝিনাইদহে মাসব্যাপী মেয়েদের কারাতে প্রশিক্ষণ উদ্বোধন

ঝিনাইদহে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৩-২৪ অর্থবছরের আওতায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের মেয়েদের আত্ম-রক্ষার্থে মাসব্যাপী কারাতে প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ ব্যাডমিন্টন কোর্টে মাসব্যাপী এ প্রশিক্ষণের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

সেসময় যুব উন্নয়ন কর্মকর্তা মিজানুর রহমান, জাইকার প্রতিনিধি মোস্তাফিজুর রহমান ও সোতোকান কারাতে দো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহাম্মেদ লিকু সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মাসব্যাপী কারাতে প্রশিক্ষণে অংশ নেবেন প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের তিনটি স্কুলের ২৫ জন মেয়ে শিক্ষার্থী।

ঝিনাইদহে বিদ্যুৎ অফিসের লাইন সহকারীদের কর্মবিরতি

বেতন ভাতার দাবীতে কর্মবিরতি ও বিক্ষোভ করেছে ঝিনাইদহ ওজোপাডিকোর লাইন সহকারীরা।

আজ বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) সকাল থেকে কর্মবিরতি ও বিদ্যুৎ

অফিস প্রাঙ্গণে বিক্ষোভ করে তারা। সেসময় তারা বেতন ভাতার দাবিতে নানা শ্লোগান দেয় ।

কর্মসূচীতে লাইন সহকারী ইমামুল হক রকি, আব্দুলাহ আল মামুন, রুবেল হোসেন, মশিউর রহমান, আব্দুল মমিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় আন্দোলনকারী বলেন, বছরের পর বছর বিদ্যুৎ অফিসে কাজ করলেও তারা বেতন ভাতা পান না। অফিস টাইমের বাইরে কোথাও কাজে গেলে নামমাত্র টাকা পাওয়া যায়, সেই টাকা দিয়ে তাদের সংসার চালাতে হয়। ঝুকিপুর্ণ এই কাজ করার কারণে অনেকে মারাগেছে আবার অনেকের অঙ্গহানী হয়েছে। কিন্তু আজ পর্যন্ত কর্তৃপক্ষ তাদের বেতন ভাতার কোন ব্যবস্থা করেনি। তাই অনির্দিষ্টকালের কর্মবিরতি পালন করছেন তারা। এদিকে লাইন সহকারীদের কর্মবিরতি পালন করায় ভোগান্তি পোহাতে হচ্ছে গ্রাহকদের।

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের মানববন্ধন

গ্রেড বৈষম্য দূর করতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালন করেছে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।

আজ বৃহস্পতিবার সকালে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে এ কর্মসূচির আযোজন করে পিটিআইএ প্রশিক্ষণরত শিক্ষকরা। এতে শিক্ষক রাসেদুজ্জামান রাসেল, সাগর হোসেন, আসাদুজ্জামান সজল, মাহমুদুল হাসান, সেবিনা খাতুন, শাম্মী ইসলাম,আইরিচ নাহারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, সহকারী শিক্ষকদের বেতন বৈষম্য দূর করতে সরকারের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহবান জানান। সেই সাথে শিক্ষকদের ১২ তম গ্রেডে উন্নীতকরণ প্রস্তাব বাতিল করে ১০ম গ্রেড বাস্তবায়নের দাবী জানান।

শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা মানববন্ধন করেছে। আজ বুধবার দুপুরে নিজ বিদ্যালয়ের সামনে এ মানববন্ধন কর্মসুচী পালন করে।

এসময় বক্তব্য রাখেন ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ শহীদুল ইসলাম, সিনিয়র শিক্ষক মোঃ রবিউল ইসলাম, সমীর কুমার বৈদ্য, মোঃ সুলতান কবির, মোঃ সাহিদুর রহমান, সহকারী শিক্ষক মোঃ মনজুরুল ইসলাম, মোঃ ইমরান আলী, মোঃ ইসরাফিল হোসেন, মোঃ রবিউল ইসলাম।

এছাড়া উপস্থিত ছিলেন সহকারী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মুহাঃ গোলাম ছারওয়ার, গোবিন্দ প্রসাদ দেবনাথ, সিনিয়র শিক্ষক সুশীল কুমার বিশ্বাস, মোঃ সিরাজুল কবির, মোঃ মনজুর হোসেন, সঞ্জিত কুমার ঘোষ, আবু তাহের, প্রদীপ কুমার আর্ঘ, মোহাঃ রবিউল ইসলাম, সহকারী শিক্ষক বাসুদেব লস্কার, দীপক কুমার ব্যানার্জী, মোঃ রফিকুল ইসলাম, চিন্ময় কুমার কুন্ডু, মোঃ জাহাঙ্গীর, মনোয়ার হোসেন, মোঃ আল আরাফাত, মোঃ তোহিদুর রহমান, জুবায়ের, শ্রাবনী পারভেজ, এম,এম বখতিয়ার ও শাহিন পারভেজ।

শিক্ষকরা বলেন ১৭ সেপ্টম্বর ঢাকায় প্রজেক্ট থেকে আগত উপজেলা শিক্ষা কর্মকর্তারা আমাদের শিক্ষকদের উপর হামলা করেন। আমরা এর প্রতিবাদ জানাই। প্রয়োজনে কঠোর কর্মসুচী দেওয়া হবে বলে তারা জানান।

ঝিনাইদহ ইটভাটা মালিক সমিতির কমিটি গঠন সভাপতি এম.এ মজিদ ও সম্পাদক রুহুল কুদ্দুস

ঝিনাইদহ ইটভাটা মালিক সমিতির বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠন করা হয়েছে। আজ বুধবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে শহরে জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে সংগঠনটির এ সভা ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়।

সভায় ইটভাটা মালিক সমিতির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সহ-সভাপতি রহুল কুদ্দুস, মোয়াজ্জেম হোসেন, খলিলুর রহমান, উসমান আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বৈষম্যহীন বাংলাদেশ গড়তে যার যার অবস্থান থেকে কাজ করার আহবান জানান। সাথে ইটভাটা ব্যবসায়ে কয়লা সিন্ডিকেট রোধ, অযথা হয়রানি, লাইসেন্স প্রাপ্তি ও নবায়নে হয়রানি বন্ধের আহবান জানান।

ইটভাটা মালিক সমিতির বার্ষিক সাধারণ সভা শেষে সকলের সম্মতিক্রমে এ্যাডভোকেট এমএ মজিদকে সভাপতি ও রুহুল কুদ্দুসকে সাধারণ সম্পাদক করে ৩১ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়।

ঝিনাইদহে কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

ঝিনাইদহে আমন ধানের আন্ত: পরিচর্যা, বীজ উৎপাদন, সংরক্ষন ও সরিষা চাষাবাদের কলাকৌশল শীর্ষক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে জেলা কৃষি সম্প্রসারন অধিদপ্তরের মিলনাতায়নের এ প্রশিক্ষণের আয়োজন করে মাগুরার বিনা উপকেন্দ্র। প্রশিক্ষণে ঝিনাইদহের বিভিন্ন উপজেলার ৫০ জন কৃষকদের বিনা উদ্ভাবিত উচ্চফলনশীল ও স্বল্পজীবনকালীন জাতসমূহের পরিচিতি আমন ধান ও সরিষা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

এতে ঝিনাইদহ কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্ঠি চন্দ্র রায়, বিনা ময়মনসিংহের পরিচালক ড. ইকরামুল হক, জেলা প্রশিক্ষন অফিসার মোশাররফ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, আমন ধান ও সরিষাচাষাবাদে কৃষকদের করণীয়, প্রযুক্তিগত পরিচর্যা ও বীজ সংরক্ষণে নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করেন। সেই সাথে চাষাবাদে কোন প্রকার সহযোগিতার প্রযোজন হলে কৃষি বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেন।

ঝিনাইদহে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের বিক্ষোভ মিছিল মানববন্ধন ও সমাবেশ

বৈষম্যহীন গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা, সন্ত্রাস ও দখলদারিত্বমুক্ত শিক্ষাঙ্গনের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল মানববন্ধন ও সমাবেশ করেছে সমাজতান্ত্রিক ছাত্র ফ্র্ন্ট।

শিক্ষা দিবস উপলক্ষে আজ মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) দুপুরে শহরে এক বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলকারীরা শহর ঘুরে পোষ্ট অফিস মোড়ে এক মানবন্ধন ও সক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন জেলা সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি শারমীন সুলতানা, সাধারণ সম্পাদক ফারজানা ইয়াসমীন, নুসরাত জাহান সাথী, রাফসানা হোসেন, জেহাদ হোসেন, আসিফ ইকবাল সহ অন্যান্যরা।

সমাবেশে বক্তারা ছাত্র জনতার অভুত্থানের চেতনায় বৈষম্যহীন গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার সংগ্রামকে বেগবান ও ছাত্র রাজনীতির আদর্শবাদী বিপ্লবী ধারাকে শক্তিশালী করার দাবি জানান।